বিষয় কোড | ১ | ১ | ১ |

# এসএস সি পরীক্ষা ২০১৫ এর মডেল প্রশ্ন

## বিষয় : ইসলাম ও নৈতিক শিক্ষা (সৃজনশীল)

সময় : ২ ঘন্টা ১০ মিনিট — পূর্ণমান—৬০

[ নিচের যে কোন ৬টি প্রশ্নের উত্তর দাও । ]

১. আরিফ ও মারুফ তারা উভয়ই দশম শ্রেণির শিক্ষার্থী। আরিফ ইসলামের বিধিবিধান যথারীতি মেনে চলে। পক্ষান্তরে মারুফ এ ব্যাপারে উদাসীন। একদিন অবসরে দুজন একত্রিত হলে আরিফ মারুফকে আখিরাতের অনন্ত জীবন সম্বন্ধে বিভিন্ন উপদেশ প্রদান করে বলল, সালাত, সাওম এবং ইসলামি শরীআতের বিধি-বিধান উপেক্ষা করলে, আখিরাতের জীবন ভীষণ শাস্তি ভোগ করতে হবে।

ক. আখিরাতে জবাবদিহিতার স্থান কোনটি? ১

খ. কিয়ামাত বলতে কী বুঝ? ২

গ. আরিফ ও মারুফের চারিত্রিক বৈশিষ্ট্যের পরিণতির বিবরণ দাও। ৩

ঘ. জান্নাত ও জাহান্নামের বিবরণ দাও। ৪

২. একটি দ্বীনি জলসায় একজন প্রবক্তা ইমান ও ইসলাম সম্পর্কে গুরুত্বপূর্ণ আলোচনা করছিলেন। আলোচনার শেষ পর্বে তিনি বললেন, ইমান মানুষের অন্তরে আল্লাহ তাআলার প্রতি অনুরাগ ও তাঁর সন্তুষ্টি লাভের বাসনা সৃষ্টি করে। আর কার্যত এর বহিঃপ্রকাশই হচ্ছে ইসলাম। মুমিন ব্যক্তি ঈমান ও ইসলাম অনুশীলনের মাধ্যমে তার জীবনকে পরিপূর্ণ সৌন্দর্যে বিকশিত করে।

ক. ইমান শব্দের অর্থ কী? ১

খ. ইসলাম বলতে কী বুঝ? ২

গ. "ইসলাম ইমানের বহিঃপ্রকাশ" বিষয়টির স্বার্থকতা তুলে ধর। ৩

ঘ. ইসলাম একটি পরিপূর্ণ জীবনবিধান, কুরআন ও হাদিসের আলোকে বিশ্লেষণ কর। ৪

৩. কামাল সাহেব একজন ইসলামি চিন্তাবিদ। তিনি আর্থ সামাজিক উন্নয়নে যথেষ্ট চিন্তা-ভাবনা করেন। একদিন তিনি তার আলোচনায় শ্রোতাদের উদ্দেশ্যে বললেন, আর্থ সামাজিক উন্নয়নে রাসুল (স)-এর হাদিসের অনুশীলন ও বাস্তবায়ন একান্ত প্রয়োজন। তাছাড়া ইসলামি শারিআতের অন্যতম প্রধান উৎস হচ্ছে হাদিস।

Copyright Md Shah Jamal

ক. হাদিস শব্দের অর্থ কী? ১

খ. কাওলি হাদিস কাকে বলে? ২

গ. আর্থ সামাজিক উন্নয়নে এবং পরিবেশের ভারসাম্য রক্ষায় বৃক্ষ রোপণের প্রয়োজনীয়তা হাদিসের আলোকে বর্ণনা কর। ৩

ঘ. মানবজীবনে হাদিসের গুরুত্ব ও প্রয়োজনীয়তার বিবরণ দাও। ৪

**৪.** নাকিব একজন জ্ঞানপিপাসু শিক্ষার্থী। অজানাকে জানাই তার ব্রত। একদিন সে শ্রেণিকক্ষে শিক্ষকের নিকট জানতে চাইল, ইসলামি শরীআতের উৎস হিসেবে কুরআন ও হাদিসই তো যথেষ্ট। এক্ষেত্রে ইজমা-এর কী প্রয়োজন? শিক্ষক তাকে বললেন, ইজমা ইসলামি শারীআতের এমনই একটি উৎস যার উদ্ভব না হলে ইসলামি শারীআতের বহু সূক্ষ্ম বিষয়াদির যথাযথ সমাধান খুঁজে পাওয়া খুবই কঠিন হয়ে পড়ত।

ক. ইজমা শব্দের অর্থ কী? ১

খ. ইসলামি শারিআতে ইজমার উৎপত্তি কখন থেকে? ২

গ. নাকিবের জ্ঞাতব্য বিষয়টিকে কেন্দ্র করে ইজমার গুরুত্ব বর্ণনা কর। ৩

ঘ. "শারিয়াত সংক্রান্ত বিষয়ে ইজমা একটি অকাট্য দলিল" বিষয়টি কুরআন ও সুন্নাহর আলোকে বিশ্লেষণ কর। ৪

**৫.** বশির সাহেব একজন কর্মব্যস্ত মানুষ। বিভিন্ন কাজের মধ্যেই তার সময় কাটে। শত ব্যস্ততার মধ্যেও যখনই সালাতের সময় হয়, সমস্ত কাজ বন্ধ করে তিনি মসজিদে গিয়ে জামাতের সাথে সালাত আদায় করেন, কেননা তিনি জানেন, "সালাত জান্নাতের চাবি।"

ক. সালাত শব্দের অর্থ কী? ১

খ. সালাতকে জান্নাতের চাবি বলা হয়েছে কেন? ২

গ. বশির সাহেবের জামাতে সালাত আদায় করার বিষয়টি আমাদের জীবনে কীভাবে ফলপ্রসূ করা যায়? এ ব্যাপারে তোমার মতামত ব্যক্ত কর। ৩

ঘ. সালাতের ধর্মীয় ও সামাজিক গুরুত্ব বর্ণনা কর। ৪

**৬.** ▶ ফাহিম দশম শ্রেণির ছাত্র। প্রায়ই সে সহপাঠীদের সাথে ঝগড়া বিবাদ ও তাদের মারধর করে। তার এহেন আচরণে প্রধান শিক্ষক তাকে বিদ্যালয় হতে বের করে দেয়ার ভয় দেখালেন, এতে সে ক্ষিপ্ত হয়ে তার সাথে অসাদাচরণ ব্যক্ত করে। অতঃপর সে তার পিতার নিকট প্রধান শিক্ষকের বিরুদ্ধে অভিযোগ দেয়। পিতা পুত্রকে বললেন, তোমার এহেন আচরণ শিষ্টাচার পরিপন্থী। তোমার জানা উচিত মানবসভ্যতা বিকাশে শিক্ষকের ভূমিকাই মুখ্য, আমাদের প্রিয় নবি (স) এ প্রসঙ্গে বলেছেন, انما بعثت معلما

ক. সম্মান ও মর্যাদার পেশ কোনটি? ১

খ. উদ্ধৃত হাদিসটির অনুবাদ লিখ। ২

গ. একজন আদর্শবান শিক্ষার্থীর বৈশিষ্ট্য বর্ণনা কর। ৩

ঘ. ফাহিমের পিতার মন্তব্য অবলম্বনে ছাত্র-শিক্ষকের সম্পর্ক কী হওয়া উচিত? এ ব্যাপারে তোমার মতামত ব্যক্ত কর। ৪

Copyright Md Shah Jamal

৭.▶ আবির সাহেব একজন বড় ধরনের শিল্পপতি হয়েও নিরহংকার জীবনযাপন করেন। তিনি তার কারখানার শ্রমিক এবং এলাকার দরিদ্র লোকদের প্রতিনিয়ত সাহায্য সহযোগিতা করেন। অসহায় ও দরিদ্র মানুষের স্থায়ীভাবে সাহায্যের জন্য একটি ট্রাস্ট তহবিল গঠন করেন। তিনি বিশ্বাস করেন, যে মানুষের প্রতি দয়া করে, আল্লাহ তার প্রতি দয়া করেন।

ক. পালাক্রমে ভৃত্যকে উটের পিঠে চড়িয়ে কে উটের রশি টেনে ছিলেন? ১

খ. শ্রমিক ও মালিকের মধ্যে কী রূপ সম্পর্ক হওয়া উচিত? ২

গ. আবির সাহেবের ট্রাস্ট তহবিল গঠনের উদ্দেশ্য ও লক্ষ্য বর্ণনা কর। ৩

ঘ. "শ্রমিকের ঘাম শুকিয়ে যাওয়ার পূর্বে তার পারিশ্রমিক দিয়ে দাও।" এ হাদিসটির ব্যাখ্যা কর। ৪

৮.▶ দারুসসালাম এলাকায় "মানবকল্যাণ" নামক একটি সমিতি রয়েছে। সমিতির সদস্যবৃন্দ ঐক্যবদ্ধভাবে সমাজের বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম সম্পাদন করে থাকেন। যার ফলে সমাজ থেকে নারী নির্যাতন, যৌতুক, সন্ত্রাস ইত্যাদি দূরীভূত হয়েছে। দারুস সালাম এখন এক নিরাপদ ও শান্তির আবাসভূমিতে পরিণত হয়েছে।

ক. আখলাকে হামিদাহ অর্থ কী? ১

খ. আমর বিল মারূফ ও নাহি আনিল মুনকার বলতে কী বুঝ? ২

গ. সমাজ থেকে নারী নির্যাতন, যৌতুক ও সন্ত্রাস নির্মুলের জন্য কী কী পদক্ষেপ গ্রহণ করা যায়? তার বিবরণ দাও। ৩

ঘ. "মানবকল্যাণ" সমিতির কার্যক্রম সমাজ উন্নয়নের ক্ষেত্রে যথেষ্ট সহায়ক ভূমিকা পালন করে" বিষয়টির সপক্ষে ইসলামের আলোকে যুক্তি পেশ কর। ৪

৯.▶ একটি ইসলামি জলসায় একজন বিজ্ঞ ইসলামি চিন্তাবিদ বললেন, অধুনা বিশ্বের আর্থ সামাজিক উন্নয়নে এবং ক্ষুধা দারিদ্র্য বিমোচনে সমাজের বিত্তবানরা ইসলামি খিলাফতের মহান খলিফা হযরত উসমান (রা)-এর মত যদি দানের হাতকে প্রসারিত করতেন, তাহলে নিশ্চিত করে বলা যায় আজকের পৃথিবীও একটি ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত সমাজ উপহার দিতে সক্ষম হতো।

ক. হযরত উসমান (রা) কোন গোত্রে জন্মগ্রহণ করেন? ১

খ. হযরত উসমান (রা) কেন আবিসিনিয়ায় হিজরাত করেছিলেন? ২

গ. "আর্থ-সামাজিক উন্নয়নে ও দারিদ্র বিমোচনে হযরত উসমান (রা) এর অবদান" প্রসঙ্গটি বিশ্লেষণ কর। ৩

ঘ. ইসলামের সেবায় হযরত উসমান (রা)-এর অবদানের বিবরণ দাও। ৪

Copyright Md Shah Jamal

**সময় ঃ ৪০ মিনিট**   **বিষয় ঃ ইসলাম ও নৈতিক শিক্ষা (বহুনির্বাচনি)**   **পূর্ণমান—৪০**

[ উত্তরপত্রের সঠিক উত্তরের বৃত্তটি (O) বল পয়েন্ট কলম দ্বারা ভরাট কর ]

**১. পূর্ণাঙ্গ জীবন ব্যবস্থা হিসেবে বিবেচিত কোনটি?**
ক) জড়বস্তুবাদ   খ) মিনাকিয়ান
গ) ইসলাম   ঘ) খ্রিষ্টান

**২. 'ইসলাম' শব্দের আভিধানিক অর্থ কী?**
ক) ইবাদত করা   খ) আনুগত্য করা
গ) মাথানত করা   ঘ) দাসত্ব করা

**৩. ইসলামই আল্লাহর নিকট একমাত্র মনোনীত ধর্ম। কারণ কী?**
ক) এর অনুসরণকারীর সংখ্যা সর্বত্র বিস্তৃত
খ) এটি মুহাম্মদ (স)-এর ওপর নাযিল হয়েছে
গ) এই ধর্মে আগমনকারী নবির সংখ্যা লক্ষাধিক
ঘ) এতে মানবজীবনের সকল সমস্যার সমাধান রয়েছে

**৪. জনাব মাসুম তাকদিরে বিশ্বাস করেন। তিনি যখন সফল হন তখন তার করণীয় হলো—**
i. খুশিতে আত্মহারা হওয়া
ii. সবর ও ধৈর্য ধারণ করা
iii. শোকর আদায় করা
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii   খ) i ও iii
গ) ii ও iii   ঘ) i, ii ও iii

**৫. 'কুফর' কীসের বিপরীত?**
ক) ইসলামের   খ) ইমানের
গ) তাকওয়ার   ঘ) তাকদিরের

**৬. জনাব গিয়াস মনে করেন, আল্লাহ তাঁর সকল ক্ষমতা ফেরেশতাদের হাতে ন্যস্ত করেছেন। এখন ফেরেশতারাই মহাবিশ্ব পরিচালনা করেন। তার এরূপ বিশ্বাসের পরিণাম কী?**
ক) সম্পদ হ্রাস   খ) সম্মান হ্রাস
গ) আয়ু হ্রাস   ঘ) জাহান্নাম

**অনুচ্ছেদটি পড় এবং ৭ ও ৮ নম্বর প্রশ্নের উত্তর দাও:**
জনাব মুশফিক একজন খাঁটি মুমিন। তিনি দৃঢ়ভাবে বিশ্বাস করেন যে একদিন তাকে আল্লাহর সামনে দাঁড়াতে হবে এবং তার সকল কাজ কর্মের হিসাব দিতে হবে।

**৭. এ জবাবদিহির ভয়ে জনাব মুশফিক—**
i. সৎগুণাবলি অর্জন করেন
ii. অনৈতিক কাজ থেকে দূরে থাকেন
iii. অমানবিক কাজ থেকে দূরে থাকেন
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii   খ) i ও iii
গ) ii ও iii   ঘ) i, ii ও iii

**৮. এর ফলে জনাব মুশফিক অধিকারী হবেন—**
i. জান্নাতলাভের   ii. উত্তম আদর্শের
iii. নেতৃত্ব ও সুনামের
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii   খ) i ও iii
গ) ii ও iii   ঘ) i, ii ও iii

**৯. বড় ও প্রসিদ্ধ আসমানি কিতাব কয়খানা?**
ক) ৪   খ) ৬
গ) ৮   ঘ) ১০

**১০. মানুষ আখিরাতে বিশ্বাস করবে কেন?**
ক) নীতি ও আদর্শ অনুসরণের জন্য
খ) সুখ, শান্তি ও সমৃদ্ধির জন্য
গ) পরোপকার ও সৃষ্টির সেবার জন্য
ঘ) সম্মান, মর্যাদা ও নেতৃত্বের জন্য

**১১. তাজবীর তার ঘরকে দিনের আলোয় উজ্জ্বল রাখতে চায়। এ ক্ষেত্রে তার প্রয়োজন—**
ক) ঘরে কুরআন তিলাওয়াত করা
খ) ঘরটিকে মক্তবে পরিণত করা
গ) ফরয সালাত ঘরে পড়া
ঘ) বৈদ্যুতিক আলোর ব্যবস্থা করা

**১২. কে পবিত্র কুরআনের সংরক্ষক?**
ক) স্বয়ং আল্লাহ তাআলা   খ) হযরত মুহাম্মদ (স)
গ) হযরত আবু বকর (রা)
ঘ) হযরত উসমান (রা)

**অনুচ্ছেদটি পড় এবং ১৩ ও ১৪ নম্বর প্রশ্নের উত্তর দাও:**
ইমাম সাহেব মুসল্লিদের বললেন, পবিত্র কুরআনে প্রথম যে রূপ বিন্যাস ছিল হযরত আবু বকর (রা) এবং হযরত উসমান (রা)-এর সংকলনের সময়ও সেরূপ বিন্যাস ছিল। এতে পরিবর্তন হয়নি।

**১৩. ইমাম সাহেব 'প্রথমে' বলতে ইঙ্গিত করেছেন—**
i. হেরা গুহার প্রতি
ii. বাইতুল ইযযার প্রতি
iii. লাওহে মাহফুজের প্রতি
**নিচের কোনটি সঠিক?**
ক) i   খ) ii
গ) iii   ঘ) i ও ii

**১৪. এর ফলে মুসল্লিরা যে বিষয়টি অবগত হলো-এর বর্তমান বিন্যাস—**
i. লাওহে মাহফুজের ন্যায়
ii. জিবরাইলের (আ) বিন্যাসের ন্যায়
iii. সাহাবিগণের বিন্যাসের ন্যায়
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii   খ) ii ও iii
গ) i ও iii   ঘ) i, ii ও iii

**১৫. সূরা 'আদ দুহা' কোথায় নাযিল হয়?**
ক) মক্কায়   খ) মদিনায়
গ) বসরায়   ঘ) কুফায়

**১৬. সূরা আল মাউন কোন সূরার অন্তর্ভুক্ত?**
ক) মাক্কি   খ) মাদানি
গ) ইরাকি   ঘ) ইরানি

**১৭. যে হাদিসের ভাবার্থ আল্লাহর নিকট থেকে প্রাপ্ত তাকে কোন হাদিস বলে?**
ক) ফিলি   খ) কাওলি
গ) মারফূ   ঘ) কুদসি

**১৮. জনাব শরিয়তের অকাট্য দলিল হওয়া সত্ত্বেও ইজমাকে অস্বীকার করে? তার এরূপ অস্বীকার ইসলামের দৃষ্টিতে কী?**
ক) শিরক   খ) কুফর
গ) নিফাক   ঘ) ফিসক

**১৯. কিয়াস শরিয়তের একটি—**
i. বিজ্ঞানসম্মত উৎস
ii. যৌক্তিক উৎস
iii. সনাতন উৎস
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii   খ) i ও iii
গ) ii ও iii   ঘ) i, ii ও iii

**২০. ফরয বিধান পালন না করলে কী ধরনের গুনাহ হয়?**
ক) সগিরা   খ) কবিরা
গ) জাহিরী   ঘ) বাতিনী

http://teachingbd.com

২১. ইবাদত প্রধানত কত প্রকার?
ক দুই   খ তিন
গ চার   ঘ পাঁচ

২২. মানুষ কেন সামাজিক জীব?
ক মনুষ্যত্ব আছে বলে
খ বিবেকবান বলে
গ সৎসাহস আছে বলে
ঘ সমাজবদ্ধ হয়ে বসবাস করে বলে

২৩. লতিফুর রহমান আল্লাহ ও রাসুল (স)-এর নির্দেশিত পথে চলাফেরা করেন। তিনি যে কাজগুলো যথাযথভাবে করবেন—
i. নিয়মিত নামায আদায়
ii. পিতামাতার সাথে সদ্ব্যবহার
iii. যেকোনো পন্থায় টাকা উপার্জন
নিচের কোনটি সঠিক?
ক i ও ii   খ ii ও iii
গ i ও iii   ঘ i, ii ও iii

২৪. নামাযের আরবি প্রতিশব্দ কী?
ক সাওম   খ সালাত
গ ইবাদত   ঘ আকাইদ

২৫. ইসলামের পঞ্চম ভিত্তি কোনটি?
ক হজ   খ নামায
গ যাকাত   ঘ রোযা

২৬. হজের মাধ্যমে মানুষ—
i. নিষ্পাপ হয়   ii. ইমানদার হয়
iii. ধনী হয়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii   খ ii ও iii
গ i ও iii   ঘ i, ii ও iii

২৭. পিতামাতার পর কাদের মর্যাদা?
ক ছাত্রদের   খ শিক্ষকের
গ ভাইবোনের   ঘ ব্যক্তিত্ববান মানুষের

২৮. আখলাকে হাসানাহ অর্থ কী?
ক সুন্দর চরিত্র   খ অসচ্চরিত্র
গ খারাপ কাজ   ঘ ভালো কাজ

২৯. আল আহদু এর শাব্দিক অর্থ কী?
ক ওয়াদা রক্ষা   খ আমানত রক্ষা
গ সত্য কথা বলা   ঘ ন্যায়পথে চলা

৩০. কোনটি মুমিনের জন্য অবশ্য কর্তব্য?
ক অন্যের উপকার করা
খ ছেলেমেয়েদের শিক্ষিত করা
গ সবার সাথে সদ্ভাব রক্ষা করা
ঘ আমানত রক্ষা করা

৩১. জাকিয়া নিজেকে সব সময় পবিত্র ও পরিচ্ছন্ন রাখার চেষ্টা করে। সে—
i. ওযু করে
ii. গোসল করে
iii. আল্লাহর ইবাদত করে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii   খ ii ও iii
গ i ও iii   ঘ i, ii ও iii

৩২. ইসলামি শরিয়তে হিংসা সম্পূর্ণভাবে নিষিদ্ধ করার কারণ কী?
ক হিংসা মানুষের সচ্চরিত্রসমূহ বিনষ্ট করে দেয়
খ হিংসুক ব্যক্তিরা সমাজের বোঝা
গ হিংসা সামাজিক ভারসাম্য নষ্ট করে
ঘ হিংসার কারণে মানুষ ধ্বংস হয়ে যায়

৩৩. কোনটি হত্যার চেয়েও জঘন্য?
ক অহংকার   খ ফিতনা
গ হিংসা   ঘ গিবত

৩৪. ইসলামে কোনটি নিষিদ্ধ করা হয়েছে?
ক সুদ ও ঘুষ   খ হালাল উপার্জন
গ কর্মউদ্দীপনা   ঘ মুনাফা

৩৫. কত খ্রিষ্টাব্দে রাসুল (স) জন্মগ্রহণ করেন?
ক ৫৭০   খ ৫৮০
গ ৫৯০   ঘ ৬০০

৩৬. খদিজা (রা) রাসুল (স)-কে ব্যবসার দায়িত্ব দিয়েছিলেন কেন?
ক ব্যবসা ভালো বুঝতেন তাই
খ সৌন্দর্য দেখে মুগ্ধ হয়ে
গ রাসুল (স)-এর অর্থ সম্পদ দেখে
ঘ চারিত্রিক গুণাবলিতে মুগ্ধ হয়ে

৩৭. বিশ্বের প্রথম লিখিত সংবিধান কোনটি?
ক মদিনা সনদ   খ বিল অব রাইটস
গ চার্টার অব ইংল্যান্ড   ঘ ভারতীয় সংবিধান

৩৮. 'ফারুক' শব্দের অর্থ কী?
ক কুরআন তিলাওয়াতকারী
খ সত্যবাদী
গ বিশ্বাসী
ঘ সত্য-মিথ্যার পার্থক্যকারী

৩৯. শাহনেওয়াজ স্যার সম্পদশালী নন। কিন্তু ইসলামের খেদমতে তিনি হাতে তুলে নিয়েছেন কলম। হযরত আলির (রা) চরিত্রের সাথে তার যেসব দিকের মিল রয়েছে—
i. অনাড়ম্বর জীবনযাপন
ii. জ্ঞান সাধনার দ্বারা ইসলামের সেবা
iii. শৌর্য-বীর্য দ্বারা ইসলামের খেদমত
নিচের কোনটি সঠিক?
ক i ও ii   খ ii ও iii
গ i ও iii   ঘ i, ii ও iii

৪০. ইমাম গাযালি (র) কীভাবে ইসলামের প্রাধান্য প্রতিষ্ঠা করেছেন?
ক প্রামাণ্য ও যুক্তিপূর্ণ দলিলের মাধ্যমে
খ তার সময়ের খলিফার একান্ত সহযোগিতায়
গ তার ব্যক্তিগত মতাদর্শ ও প্রভাব খাটিয়ে
ঘ ইসলামের চারিত্রিক গুণাবলি প্রদর্শন করে

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | গ | ২ | খ | ৩ | ঘ | ৪ | গ | ৫ | খ | ৬ | ঘ | ৭ | ঘ | ৮ | ক | ৯ | ক | ১০ | ক |
| ১১ | ক | ১২ | ক | ১৩ | গ | ১৪ | ক | ১৫ | ক | ১৬ | ক | ১৭ | ঘ | ১৮ | খ | ১৯ | ক | ২০ | খ |
| ২১ | ক | ২২ | ঘ | ২৩ | ক | ২৪ | খ | ২৫ | ক | ২৬ | ক | ২৭ | খ | ২৮ | ক | ২৯ | ক | ৩০ | ঘ |
| ৩১ | ক | ৩২ | ক | ৩৩ | খ | ৩৪ | ক | ৩৫ | ক | ৩৬ | ঘ | ৩৭ | ক | ৩৮ | ঘ | ৩৯ | ক | ৪০ | ক |

Copyright Md. Shahe Jamal